

NYC মানেই ব্যবসা



পুনরায় চালু করুন এবং কর্মক্ষেত্রে নিরাপদ থাকুন

NYC

Small Business
Services

Consumer and
Worker Protection

Health and
Mental Hygiene



আপনি পুনরায় চালু করার পূর্বে

নিয়োগকর্তা হিসেবে আবশ্যিকভাবে যা করতে হবে:

- forward.ny.gov ভিজিট করুন এবং আপনার ব্যবসায়িক ক্ষেত্রের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রদত্ত সকল নির্দেশনা পড়ুন।
- অনুমোদন/সম্মতি ফর্মটি পূরণ করুন এখানে forms.ny.gov/s3/ny-forward-affirmation
- একটি সুরক্ষা প্লান (forward.ny.gov এ টেমপ্লেট পাওয়া যাবে) প্রণয়ন করুন এবং আপনার কর্মক্ষেত্রে এটি এমনভাবে পোস্ট করুন যেখান থেকে কর্মীরা এটি দেখতে পাবেন।

ব্যবসা প্রতিষ্ঠান পুনরায় চালুর সময়

নিয়োগকর্তাদেরকে আবশ্যিকভাবে যা করতে হবে এবং কর্মীগণ যা প্রত্যাশা করবেন:



প্রতিদিন কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করা। কর্মীগণ অসুস্থ হলে বাড়িতেই থাকবেন বা কর্মক্ষেত্রে অসুস্থতা বোধ করলে বাড়ি চলে যাবেন।



কর্মীদেরকে বিনামূল্যে মুখাবরণ প্রদান করুন এবং সেগুলো পরিবর্তন করুন। কর্মীগণ অবশ্যই অন্যদের থেকে কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় রাখবেন এবং যদি তারা অন্যদের থেকে 6 ফুটের কম দূরত্বে চলে আসেন তাহলে সেক্ষেত্রে মুখাবরণ বা মাস্ক পরিধান করবেন।



গ্রাহকগণ অন্যদের থেকে যখনই 6 ফুটের কম দূরত্বে চলে আসবেন তখন একটি মুখাচ্ছাদন পরিধান করবেন। কোনো ব্যবসা প্রতিষ্ঠান চাইলে যেসব গ্রাহক মুখাচ্ছাদন পরিধান না করেন তাদেরকে সেবা না দেওয়া সহ অন্যান্য কঠোর বিধিনিষেধ আরোপ করতে পারে।



কর্মীদের জন্য হাত ধোয়া/জীবাণুমুক্ত করার স্টেশনের ব্যবস্থা করুন এবং সেটি চালু রাখুন। সেখানে সাবান, পানি দিয়ে হাত ধোয়া ও পেপার টাওয়েলের ব্যবস্থা রাখুন এবং সেইসাথে যেসব জায়গায় হাত ধোয়া সম্ভব নয় সেখানে 60% বা তার বেশী অ্যালকোহল সমৃদ্ধ অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখুন।



যৌথভাবে ব্যবহৃত উপকরণ এবং প্রায়ই স্পর্শ করতে হয় এমন জায়গাগুলো নিয়মিত পরিষ্কার করুন।



লোকজন কোথায় দাঁড়াবেন সেটি দেখানোর জন্য চিহ্নিত করুন এবং টেপ লাগিয়ে দিন বা অন্যান্য নির্দেশক রাখুন।

আপনার ব্যবসায়িক ক্ষেত্রের জন্য নির্দেশিত সকল নির্দেশনা পর্যালোচনা করুন, যেটি পাওয়া যাবে এখানে forward.ny.gov.

এই নথির তথ্যাবলীই সব নয় – আপনার ব্যবসার জন্য যেসব শর্তাবলী রয়েছে সেগুলো এই এক-পাতার নথিতে নেই।

COVID-19 থেকে — নিয়োগকর্তা, কর্মী, গ্রাহক — সবাইকে রক্ষা করার জন্য এই সকল শর্ত আরোপ করা হয়েছে।

প্রকৃত সময়ভিত্তিক হালনাগাদ তথ্য পেতে, nyc.gov/coronavirus ভিজিট করুন।

নিয়োগকর্তাগণ

আরো তথ্যের জন্য **888-SBS4NYC (727-4692)** এ কল করুন বা nyc.gov/business ভিজিট করুন।

কর্মীগণ

আরো তথ্যের জন্য **311** এ কল করুন এবং কর্মী সুরক্ষা হটলাইনে কথা বলুন বা nyc.gov/workers ভিজিট করুন।